



বৈধ আয়ের চেয়ে বেশি খরচ, এমপি নির্বাচনে অসঙ্গতি বেশি: রেজাউল করিম



সংগৃহীত ছবি

সাবেক সেনা কর্মকর্তা ও রাজনৈতিক বিশ্লেষক রেজাউল করিম প্রশ্ন তুলেছেন, এমপি পদে নির্বাচন করার জন্য কেন এত বড় খরচ প্রয়োজন, যেখানে বৈধ আয়ের সঙ্গে তা মিলছে না। তিনি সিস্টেম পরিবর্তনের দাবি জানিয়েছেন।

এক ফেসবুক পোস্টে তিনি লিখেন; আমি যদি এমপি হই, আমার ৫ বছরের আয়ের হিসাব হবে ১-১.৫ কোটি টাকা। অথচ আমার বর্তমান বাৎসরিক বৈধ আয় ৩ কোটির বেশি। তাহলে কেন আমাদের এমপি হতে ১০ কোটি টাকা খরচ করতে হবে?

তিনি আরও বলেন, রাজনৈতিক প্রতিযোগিতায় চাঁদাবাজি বন্ধ করতে হলে সম্পূর্ণ সিস্টেম চেঞ্জ প্রয়োজন। বর্তমান প্রথায় যারা বৈধভাবে সফল হতে চায়, তাদের জন্যও প্রতিযোগিতা অসম হয়ে যায়।

রেজাউল করিমের মতে, স্বচ্ছ ও প্রাপ্যতাভিত্তিক অর্থায়ন নিশ্চিত করা হলে, পারদর্শী প্রার্থীও সাধারণ মানুষ হিসেবে যোগ্যভাবে অংশ নিতে পারবে।